**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 22-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Amit Sah-Dhalai :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ধলাই জেলার কুলাই-এর আর এফ ভিলেজ ময়দানে ৬৬৮ কোটি ৩৯ লক্ষ টাকার ৬টি উন্নয়ন প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন ও ৭টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন, রাজ্যের মুখ্য সচিব জে কে সিনহা, সাংসদ কৃতি দেবী দেববর্মন প্রমুখ।

****************************

**Co-oparative Minister :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমবায় সম্মেলন অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে কেন্দ্রীয় সমবায় মন্ত্রী ন্যাশনাল কো-অপারেটিভ কনজিউমার্স ফেডারেশন লিমিটেড, NCCF -প্রদত্ত ভারত ব্র্যান্ডের মোবাইল ভ্যান এবং NABARD প্রদত্ত রুরাল মার্টের জন্য মোবাইল ভ্যানের উদ্বোধন করবেন। তাছাড়া সম্মেলনে ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাংকের পক্ষ থেকে ৫০টি প্রাথমিক সমবায় সমিতিকে মাইক্রো এটিএম বিতরন করা হবে। অনুষ্ঠান থেকে ত্রিপুরা ষ্টেট কো-অপারেটিভ কনজিউমার্স ফেডারেশন লিমিটেডের দ্বারা উদয়পুরের ছনবনে নির্মিত পেট্রোল পাম্পের ভার্চুয়ালভাবে উদ্বোধন করা হবে।

****************************

**NEC MEETING :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর-পূর্বকে বিশ্বের কেন্দ্রবিন্দুতে নিয়ে এসেছেন। গতকাল আগরতলায় উত্তরপূর্বাঞ্চল পরিষদের ৭২তম পূর্ণাঙ্গ অধিবেশনে ভাষণ দিতে গিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে গত ১০ বছর উত্তর পূর্বের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার বিনিয়োগকারীদের উত্তর-পূর্বে বিনিয়োগ করতে অনুপ্রাণিত করছে। আগে উত্তর-পূর্বের পরিষেবা শুধুমাত্র কথার কথা ছিল, কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই অঞ্চলের উন্নয়নকে গুরুত্ব দেওয়ার আন্তরিক প্রচেষ্টা করেছেন। তিনি বলেন, এই অঞ্চলে শান্তি প্রতিষ্ঠাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। তিনি জানান যে প্রায় ১০,৫০০ উগ্রবাদী সহিংসতা পরিহার করে আত্মসমর্পণ করেছে।

অনুষ্ঠানে উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী, জ্যোতিরাদিত্য সিন্ধিয়া উত্তরপূর্বাঞ্চলে চরমপন্থা এবং সহিংসতা হ্রাসের জন্য স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের শান্তি প্রতিষ্ঠায় অসামান্য ভূমিকার কৃতিত্ব তুলে ধরেন।

*****************************

**NEC Meeting-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল প্রজ্ঞা ভবনে বলেছেন, উত্তর পূর্বাঞ্চল পর্ষদের প্লেনারি সেশন এই অঞ্চলের অগ্রগতির মূল্যায়ন ও ভবিষ্যৎ সমৃদ্ধির জন্য পরিকল্পনা গ্রহণের একটি মঞ্চ। আঞ্চলিক চ্যালেঞ্জ মোকাবিলা, যোগাযোগ ক্ষেত্রের অগ্রগতি, সুস্থায়ী উন্নয়ন এবং সামাজিক সমতা প্রসারের ক্ষেত্রে উত্তর পূর্বাঞ্চল পর্ষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি বলেন, বিভিন্ন ক্ষেত্রের উন্নয়নে ত্রিপুরা অসামান্য অবদান রেখেছে। কৃষিক্ষেত্র থেকে শুরু করে শিল্পের প্রসার, জনজাতি কল্যাণ, তথ্য প্রযুক্তি ক্ষেত্রে ত্রিপুরার ব্যাপক অগ্রগতি ঘটেছে। এটা শুধু নীতিগত সংস্কারের প্রতিফলন নয়, ত্রিপুরার মানুষের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখেই এই পরিবর্তন এসেছে। রাজ্যপাল বলেন,

ত্রিপুরা হলো দক্ষিণ পূর্ব এশিয়ার প্রবেশদ্বার। এ কারণেই কৌশলগতভাবে পূবে সক্রিয় হও নীতি এখানে রূপায়ণ করা হচ্ছে। এই অঞ্চলের আর্থিক ও সামগ্রিক উন্নয়নে আরও বেশি করে জাতীয় সড়ক সংযোগ গড়ে তোলা প্রয়োজন।

*****************************

**Amit Shah, Bank :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল নাবার্ড, আরবিআই এবং এনইডিএফআইকে উত্তরপূর্বাঞ্চলের জন্য আর্থিক ক্ষেত্রে পৃথক নির্দেশিকা প্রণয়ন করার নির্দেশ দিয়েছেন। তিনি বলেন এই অঞ্চলের একটি স্বতন্ত্র ভূসংস্থান রয়েছে, তাই  সারা দেশে অভিন্ন নির্দেশিকা থাকতে পারে না। আগরতলায় নর্থ ইস্ট ব্যাঙ্কার্স কনক্লেভ 2024-এ ভাষণ দেবার সময় তিনি আস্থা প্রকাশ করেন যে বিনিয়োগ আকর্ষণের ক্ষেত্রে এই অঞ্চলটি আগের সমস্ত রেকর্ড ভেঙে দেবে। তিনি বলেন, আগামী ১০ বছরে উত্তর-পূর্বে বৃদ্ধির হার গড়ে ২০ শতাংশ হবে। ব্যাংকারদের অর্থ প্রদানের সময় একটি নির্দিষ্ট মাত্রার ঝুঁকি নিতে হবে, উল্লেখ করে শ্রী শাহ বলেন, এই অঞ্চলের সমৃদ্ধির জন্য নিয়মাবলী শিথিল করতে হবে।

**************************

**Power Minister  :**

সমাজে প্রতি মুহূর্তেই বিদ্যুৎ পরিষেবার প্রয়োজন। তাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিদ্যুৎ পরিকাঠামোর উন্নয়ন ও ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দিতে বিশেষ গুরুত্ব দিয়েছেন। গতকাল মোহনপুর মহকুমায় মোহনপুর ট্রানজিট ক্যাম্প ও ৩৩ কেভি সাব স্টেশনের শিলান্যাস করে বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তিনি বলেন রাজ্যে বেশীরভাগ বিদ্যুৎ উৎপাদন হচ্ছে গ্যাসভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি থেকে। প্রাকৃতিক গ্যাসের যোগানও এক সময়ে শেষ হয়ে যাবে। তাই বিকল্প শক্তি ব্যবহারের উপর

আরও বেশী গুরুত্ব দিতে হবে। উল্লেখ্য, নর্থ ইস্টার্ন রিজিয়ন পাওয়ার সিস্টেম ইমপ্রুভমেন্ট প্রজেক্ট এর অধীনে নির্মিত এই ট্রানজিট ক্যাম্পটি তৈরী করতে ব্যয় হবে প্রায় দেড় কোটি টাকা।

***************************

**Narcotics-related :**

আসাম রাইফেলস, কাস্টমস ও ত্রিপুরা পুলিশ যৌথ অভিযানে ধলাই জেলার গন্ডাছড়া থেকে ৭৮ কোটি টাকা মূল্যের ৩ লক্ষ ৯ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে। গ্রেফতার করা হয়েছে একজনকে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সফরের সময়ে নিরাপত্তা বাহিনীর সর্বোচ্চ সতর্কতায় মাদক চোরাচালানকারীদের জন্য এক বড় ধাক্কা এই অভিযান।

এর আগে এনইসি প্লেনারি অধিবেশনে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন যে উত্তর-পূর্বকে মাদকের ভয়াবহতার বিরুদ্ধে ব্যাপকভাবে কঠোর ব্যবস্থা নিতে হবে। তিনি বলেন, উত্তর-পূর্বের রাজ্যগুলিতে মাদক সংক্রান্ত কার্যকলাপ সম্পর্কে যে অভিযোগ রয়েছে তা দূর করা উচিত।

****************************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ রাজ্যের বিভিন্ন স্থানে হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। উত্তর বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্তের কারণে রাজ্যে আবহাওয়ার এই পরিবর্তন দেখা দিয়েছে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৭ ডিগ্রী সেলসিয়াস।

***************************